# PAPER-III
# BENGALI

**Signature and Name of Invigilator**

1. (Signature) ____________________________

   (Name) ____________________________

2. (Signature) ____________________________

   (Name) ____________________________

OMR Sheet No. : .............................................

(To be filled by the Candidate)

Roll No. | | | | | | | | |

(In figures as per admission card)

Roll No.______________________________

(In words)

| J | 1 | 9 | 1 | 6 |
|---|---|---|---|---|

Time : **2 ½** hours] [Maximum Marks : **150**

Number of Pages in this Booklet : **24** | Number of Questions in this Booklet : **75**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of seventy five multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   **Example :** ① ② ● ④
   where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the Original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry original question booklet and duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Black Ball point pen provided by C.B.S.E.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There is no negative marks for incorrect answers.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए ।
2. इस प्रश्न-पत्र में पचहत्तर बहुविकल्पीय प्रश्न हैं ।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी । पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें । खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें ।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं । दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें । इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे । उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा ।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें ।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं । आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है :
   **उदाहरण** : ① ② ● ④
   जबकि (3) सही उत्तर है ।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं । यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिह्नांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा ।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें ।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें ।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं ।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें । हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका तथा OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं ।
10. **केवल C.B.S.E. द्वारा प्रदान किये गये काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें ।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है ।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं ।**

# BENGALI

## বাংলা

## Paper – III

## প্রশ্নপত্র – III

**Note :** This paper contains **seventy five (75)** objective type questions of **two (02)** marks each. All questions are compulsory.

**নির্দেশ :** এই প্রশ্নপত্রে **পঁচাত্তর (75) টি** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে । প্রতি প্রশ্নের মান **দুই (2)** । সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

**1.** প্রথম তালিকায় কবিতার পঙ্‌ক্তি এবং দ্বিতীয় তালিকায় ছন্দ-পরিচয় দেওয়া হল । দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. খ্যাতি আছে সুন্দরী বলে তার ত্রুটি ঘটে নুন দিতে ঝোলে তার । | i. মিশ্রবৃত্ত দ্বিপদী |
| b. তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি<br>বুঝতে নারি কখন তুমি দাও যে ফাঁকি । | ii. কলাবৃত্ত একপদী |
| c. পূর্ণিমা রাত্রের জ্যোৎস্না ধারায় সান্ধ্য বসুন্ধরা তন্দ্রা হারায় । | iii. দলবৃত্ত একপদী |
| d. সুন্দরের কোন্ মন্ত্রে মেঘে মায়া ঢালে<br>ভরিল সন্ধ্যার খেয়া সোনার খেয়ালে । | iv. কলাবৃত্ত দ্বিপদী |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | iii | i | ii |
| (2) | i | iv | ii | iii |
| (3) | iii | ii | i | iv |
| (4) | ii | iii | iv | i |

**2.** নীচের চিহ্নগুলির মধ্যে যেটি প্রবোধচন্দ্র সেনের মতে অর্ধযতি লোপ বা পদযতি লোপের চিহ্ন, সেটি নির্দেশ করুন :

(1) ত্রিবিন্দু দণ্ড চিহ্ন ( ⁝ )  
(2) ঢ্যারা চিহ্ন (×)  
(3) দ্বিদণ্ড চিহ্ন (||)  
(4) দ্বিবিন্দু দণ্ড চিহ্ন ( : )

**3.** কেতকাদাসের ‘মনসামঙ্গল’ কাব্যে মনসা দেবী লক্ষ্মীন্দরকে দংশন করতে রাত্রের চার প্রহরে চারটি সাপ পাঠিয়েছিলেন । প্রথম তালিকায় সাপের নাম এবং দ্বিতীয়টিতে প্রহরের সংখ্যা দেওয়া হয়েছে । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | বঙ্করাজ | i. | তৃতীয় প্রহর |
| b. | কালদণ্ড | ii. | প্রথম প্রহর |
| c. | উদয়নাগ | iii. | চতুর্থ প্রহর |
| d. | কালনাগিনী | iv. | দ্বিতীয় প্রহর |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | i | iv | iii |
| (2) | ii | iv | i | iii |
| (3) | iii | ii | i | iv |
| (4) | i | ii | iii | iv |

**4.** প্রথম তালিকায় প্রদত্ত কাশীরাম দাসের মহাভারতের পর্বনামের সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত উক্তকাব্যের ঘটনাগুলির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | গদা পর্ব | i. | বৃক রাজার কাহিনি |
| b. | কর্ণ পর্ব | ii. | দেবলতীর্থ কথা |
| c. | দ্রোণ পর্ব | iii. | দুঃশাসনের রক্তপান |
| d. | উদ্যোগ পর্ব | iv. | অর্জুন কর্তৃক ভগদত্ত নিধন |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | iii | ii | i |
| (2) | iii | ii | i | iv |
| (3) | iv | iii | ii | i |
| (4) | ii | iii | iv | i |

**5.** ‘চেনামহল’ উপন্যাস থেকে একটি মন্তব্য ও তার পক্ষে যুক্তি দেওয়া হয়েছে । সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য** : মৃগাঙ্ক-সুরমার ঘরে র‍্যাকে-শেলফে বই উপচে পড়ছে ।

**যুক্তি** : কারণ মৃগঙ্কর পড়াশোনার দিকে বিশেষ ঝোঁক আছে ।

**সংকেত** :

(1) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ

(2) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ

**6.** ‘দুইটি বিষাদপূর্ণ গল্প, কিন্তু প্রভেদ কত !’ – ‘বাঙালী জীবনে রমণী’ গ্রন্থে যে দুটি গল্প প্রসঙ্গে নীরদচন্দ্র চৌধুরী এমন মত প্রকাশ করেছেন, সেই গল্প দুটি হল :

(1) মেঘ ও রৌদ্র ও একরাত্রি (2) নষ্টনীড় ও স্ত্রীরপত্র

(3) মেঘ ও রৌদ্র ও নষ্টনীড় (4) মেঘ ও রৌদ্র ও ত্যাগ

**7.** ‘চোখের বালি’ উপন্যাস থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. রাজলক্ষ্মী বিনোদিনীর জন্য দুহাজার টাকার নোট রেখে গিয়েছিলেন ।

b. বালির গঙ্গা তীরবর্তী বাগানবাড়িতে দরিদ্র কেরানীদের জন্য বিহারী বিনামূল্যে চিকিৎসা ও সেবার ব্যবস্থা করতে চেয়েছিল ।

c. আশা কাশী থেকে বিনোদিনীকে তিনটে চিঠি লিখেছিল ।

d. ডাক্তারি কলেজে বিহারী প্রথমে মহেন্দ্রের চেয়ে এক ক্লাস নীচে পড়ত ।

**সংকেত** :

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**8.** ‘সারদামঙ্গল’ কাব্যে ‘উপহার/গীতি’র ‘রাগিনী ও তাল’ হল :

(1) রাগিনী সিন্ধু-ভৈরব, তাল ঠুংরি

(2) রাগিনী বেহাগ, - তাল কাওয়ালী

(3) রাগিনী ভৈরবী, - তাল আড়্‌ঠেকা

(4) রাগিনী কালাংড়া, - তাল যৎ

**9.** প্রদত্ত চারটি দৃষ্টান্তের মধ্যে কোন্‌টিতে অর্ধযতিলোপ ঘটেছে চিহ্নিত করুন :

(1) রথযাত্রা লোকারণ্য মহা ধুমধাম
ভক্তেরা লুটায়ে পথে করিছে প্রণাম ।

(2) এক দিন এই দেখা হয়ে যাবে শেষ
পড়িবে নয়ন পরে অন্তিম নিমেষ ।

(3) কাল বলে আমি সৃষ্টি করি এই ভব,
ঘড়ি বলে তাহলে আমিও স্রষ্টা তব ।

(4) মস্তক তুলিতে দাও অনন্ত আকাশে
উদার আলোক-মাঝে উন্মুক্ত বাতাসে ।

**10.** শ্রীকৃষ্ণ কীর্তন কাব্যের প্রথম সংস্করণে ‘জন্ম খণ্ড’ – এর আট (8) সংখ্যক পদের একটি ছত্রের পাঠ হল - ‘কাহ্নাঞিঁ রস সম্ভোগ কারণে ’ । কিন্তু পুথিতে পাঠটি হল - ‘কাহ্নাঞিঁরসসম্ভোগকারণে ’ । এই সঠিক পাঠ নির্ণয় করেছিলেন :

(1) অমিত্রসূদন ভট্টাচার্য

(2) তারাপদ মুখোপাধ্যায়

(3) রবীন্দ্রনাথ ঠাকুর

(4) যোগেশচন্দ্র রায়বিদ্যানিধি

**11.** ‘রাজা ও রানী’ ও তার রূপান্তর ‘তপতী’ থেকে চারটি চরিত্রের নাম প্রথম তালিকায় ও দ্বিতীয় তালিকায় নাটকের নাম প্রদত্ত হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| a. | নরেশ | i. | রাজা ও রানী |
| b. | বিপাশা | ii. | রাজা ও রানী |
| c. | মিহির গুপ্ত | iii. | তপতী |
| d. | জয়সেন | iv. | তপতী |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | ii | iii | i |
| (2) | iii | iv | i | ii |
| (3) | iii | iv | ii | i |
| (4) | i | ii | iv | iii |

**12.** ‘যারে দেয় না খোদা তালা,
তারে দেয়না আসফ্‌উদ্দৌলা ।’
– প্রবাদটিতে আসফ্‌উদ্দৌলা’ হলেন :

(1) অযোধ্যার নবাব
(2) লক্ষ্ণৌর নবাব
(3) বাংলার নবাব
(4) হায়দ্রাবাদের নবাব

**13.** ভূয়াং নৃত্যের গান পশ্চিমবঙ্গে যে জেলায় প্রচলিত সেটি হল :

(1) বাঁকুড়া
(2) কোচবিহার
(3) বীরভূম
(4) পুরুলিয়া

**14.** নীচে ‘কৃষ্ণচরিত্র’ অবলম্বনে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন । :

a. কৃষ্ণের প্রথম ভার্যা সত্যভামা ।
b. পিতা মাতা কর্তৃক প্রদত্তা কন্যার সঙ্গে বিবাহকে প্রাজাপত্য বিবাহ বলা হয়েছে ।
c. বেদান্তে যা মায়াবাদ, সাঙ্খ্য তাই প্রকৃতিবাদ ।
d. প্রাথমিক বৈষ্ণব ধর্মের ভিত্তি বৈদান্তিক অদ্বৈতবাদের ওপর নির্মিত ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

15. ‘এই স্বাধীনতার প্রথম আনন্দের বেগে ছন্দোবন্ধকে আমি একেবারেই খাতির করা ছাড়িয়া দিলাম ।’ যে-কাব্যের ছন্দ সম্পর্কে রবীন্দ্রনাথ এই মন্তব্য করেছেন সেই কাব্যটি হল :

(1) প্রভাতসংগীত (2) বলাকা

(3) সন্ধ্যাসংগীত (4) মানসী

16. রবীন্দ্রনাথের ‘ছন্দের হসন্ত-হলন্ত’ প্রবন্ধের শিরোনামে ব্যবহৃত ‘হসন্ত’ বা ‘হলন্ত’ শব্দের সঠিক অর্থটি নির্দেশ করুন ।

(1) ‘হসন্ত’ শব্দটি স্বরান্ত অর্থে প্রযুক্ত ।

(2) ‘হলন্ত’ শব্দটি স্বরান্ত অর্থে প্রযুক্ত ।

(3) ‘হলন্ত’ শব্দটি ব্যঞ্জনান্ত অর্থে প্রযুক্ত ।

(4) ‘হসন্ত’ শব্দটি দল অর্থে প্রযুক্ত ।

17. প্রথম তালিকার সঙ্গে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. <u>পাগলে</u> কি না বলে | i. কর্মে - ‘এ’ |
| b. তেলা <u>মাথায়</u> তেল দিও না | ii. অপাদানে - ‘এ’ |
| c. এই <u>মেঘে</u> বৃষ্টি হবে না | iii. অধিকরণে - ‘এ’ |
| d. <u>আমায়</u> তুমি সব কথা বল না | iv. কর্তায় - এ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | ii | iii | iv |
| (2) | iv | iii | ii | i |
| (3) | iv | i | ii | iii |
| (4) | ii | iii | i | iv |

**18.** প্রথম তালিকায় প্রদত্ত চর্যাগানের রচয়িতার নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় উপস্থাপিত গানের প্রথম চরণের সামঞ্জস্য বিধান করে সংকেত সূত্র থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | বিরুপাপাদ | i. | নগর বাহিরি রেঁ ডোম্বি তোহোরি কুড়িআ |
| b. | কাহ্নপাদ | ii. | তঁহি বুড়িলী মাতঙ্গি যোইআ লীলে পার করেই |
| c. | ডোম্বীপাদ | iii. | ডাহ ডোম্বী ঘরে লাগেলি আগি |
| d. | ধামপাদ | iv. | এক সে শুণ্ডিণী দুই ঘরে সান্ধঅ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | i | ii | iii |
| (2) | i | ii | iii | iv |
| (3) | iv | iii | ii | i |
| (4) | ii | iv | i | iii |

**19.** নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. আরিস্টটলের মতে যা সম্ভাব্য তাই বিশ্বাসযোগ্য নয় ।

b. আরিস্টটল বলেছেন, ‘যা সত্যি সত্যি ঘটেছে তা বর্ণনা করাই কবির কাজ নয় ।’

c. প্লেটো অনুকরণ বলতে বুঝেছিলেন নকল ।

d. আরিস্টটলের মতে কাহিনিই ট্র্যাজেডির আত্মা নয় ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**20.** ‘বাঙালী জীবনে রমণী’ অনুসরণে প্রদত্ত প্রসঙ্গগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. ‘বাঙালী জীবনে রমণী’ বইটি নীরদচন্দ্র চৌধুরী উৎসর্গ করেছেন বন্ধুবর গজেন্দ্রকুমার মিত্রকে ।

b. ‘দেশাচার’ প্রবন্ধে নীরদচন্দ্র চৌধুরী যে ব্রতের কথা বলেছেন সেটি মাঘমণ্ডল ব্রত ।

c. নীরদচন্দ্র চৌধুরীর নিজের চোখে প্রথম সর্বব্যাপী বন্যা দেখার অভিজ্ঞতা কিশোরগঞ্জে ।

d. ‘বাঙালী জীবনে রমণী’ বইয়ের তৃতীয় পরিচ্ছেদের শিরোনাম ‘দেশাচার’ ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

21. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে 'ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা' প্রবন্ধ অবলম্বনে । সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য** : বঙ্কিমচন্দ্রের মতে মহারানী ভিক্টোরিয়ার সংহাসন দিল্লি বা কলকাতায় স্থাপিত হলে ভারতবর্ষের শাসন প্রণালী মোটেই উৎকৃষ্টতর হত না ।

**যুক্তি** : কেননা বঙ্কিমচন্দ্র মনে করেন যে, যিনি রাজা তাঁর দূরে থাকাই উচিত ।

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(4) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

22. নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'মরুশিখা'-র কবিতাগুলি ১৩৩০ থেকে ১৩৩৪ বঙ্গাব্দের মধ্যে রচিত ।

b. মোহিতলাল মজুমদারের 'স্মর-গরল'-এর প্রথম প্রকাশের কাল কার্তিক ১৩৪৩ বঙ্গাব্দ ।

c. জীবনানন্দ দাশের 'বনলতা সেন' 'এক পয়সায় একটি' গ্রন্থমালায় প্রকাশিত হলেও 'কবিতাভবন' থেকে প্রকাশিত হয় নি ।

d. সত্যেন্দ্রনাথ দত্তের 'আভ্যুদয়িক' কবিতাটি রবীন্দ্রনাথের নোবেল প্রাইজ প্রাপ্তি উপলক্ষ্যে রচিত ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

23. 'রাজা ও রানী' ও 'তপতী' নাটকে সুমিত্রার শেষ সংলাপে ছিল যথাক্রমে - 'এবে শান্তিহোক, শান্তি হোক' । এবং 'পৃথিবী শান্তিরন্তরিক্ষং শান্তির্দ্যৌঃ শান্তিঃ । / শান্তিঃ শান্তিঃ শান্তিঃ' । শেষোক্ত শ্লোকটি রবীন্দ্রনাথ নিয়েছেন :

(1) অথর্ববেদ থেকে

(2) ঋগ্‌বেদ থেকে

(3) কঠোপনিষৎ থেকে

(4) ঈশোপনিষৎ থেকে

**24.** প্রথম তালিকায় প্রদত্ত ভাওয়াইয়া গানের বিভিন্ন শ্রেণীর সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত ঐ শ্রেণীর প্রকৃতির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | দরিয়া | i. | বিরহের ভাওয়াইয়া গান |
| b. | চটকা | ii. | ধীরলয়ের ভাওয়াইয়া গান |
| c. | চিতান | iii. | দ্রুতলয়ের ভাওয়াইয়া গান |
| d. | গড়ান | iv. | বিচ্ছেদের ভাওয়াইয়া গান |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | ii | iii | i |
| (2) | iii | i | ii | iv |
| (3) | ii | iii | iv | i |
| (4) | ii | iii | i | iv |

**25.** 'লোককথার ভাষা' প্রবন্ধটির রচয়িতা হলেন :

(1) আশুতোষ ভট্টাচার্য (2) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(3) নির্মল দাস (4) সুকুমার সেন

**26.** হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের যে কাব্যে বায়রনের 'Manfred'-এর প্রভাব লক্ষ করা যায় সেটি হল :

(1) চিন্তাতরঙ্গিনী (2) বীরবাহু

(3) আশাকানন (4) বৃত্রসংহার

**27.** "আজকালকার পাশ্চাত্য লেখকরাও কেমন যেন ঝিমিয়ে পড়েছেন । একমাত্র এলিয়টই পরিণতির দিকে অগ্রসর"

এলিয়ট সম্পর্কে এই মন্তব্যটি করেছেন :

(1) সঞ্জয় ভট্টাচার্য (2) অমিয় চক্রবর্তী

(3) সুধীন্দ্রনাথ দত্ত (4) প্রেমেন্দ্র মিত্র

**28.** বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য** : বাল্মীকি রামায়ণে অসংগতি প্রায় নেই ।

**যুক্তি** : কেননা অনেক ক্ষেত্রেই কবি আমাদের সম্ভাব্য কৌতূহলকে সম্পূর্ণ উপেক্ষা করে গেছেন ।

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ । (2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ ।

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ । (4) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ ।

**29.** বিজয় গুপ্তের পদ্মাপুরাণে সমুদ্রমন্থনের যে কাহিনি পাই সেটি আছে –

(1) ভাগবত পুরাণে (2) বিষ্ণু পুরাণে

(3) ব্রহ্মবৈবর্ত পুরাণে (4) শিব পুরাণে

**30.** 'মেঘদূত' কাব্যের অলকাপুরীর বর্ণনা প্রসঙ্গে বলেন্দ্রনাথ অন্য যে সংস্কৃত কাব্যটির উল্লেখ করেছেন সেটি হল :

(1) উত্তরচরিত (2) মৃচ্ছকটিক

(3) রঘুবংশ (4) ঋতুসংহার

**31.** যে-সব কবি সংস্কৃত ছন্দে বাংলা কবিতা লিখেছেন তাঁদের মধ্যে চারজনের নাম প্রথম তালিকায় এবং চারটি কাব্যের নাম দ্বিতীয় তালিকায় দেওয়া হল । তালিকা দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | বলদেব পালিত | i. | দশাননবধ কাব্য |
| b. | হরগোবিন্দ লস্কর চৌধুরী | ii. | স্বপ্ন-প্রয়াণ |
| c. | দ্বিজেন্দ্রনাথ ঠাকুর | iii. | হেঁয়ালী |
| d. | বিজয়চন্দ্র মজুমদার | iv. | ভর্তৃহরি কাব্য |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | i | iii | ii |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iv | i | ii | iii |
| (4) | ii | iii | i | iv |

**32.** প্রথম তালিকায় লেখক-নাম এবং দ্বিতীয় তালিকায় গ্রন্থনাম দেওয়া হল । দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | বাংলা ছন্দের রূপকার রবীন্দ্রনাথ | i. | অমূল্যধন মুখোপাধ্যায় |
| b. | বাংলা কবিতার ছন্দ | ii. | মোহিতলাল মজুমদার |
| c. | ছন্দোবিজ্ঞান | iii. | প্রবোধচন্দ্র সেন |
| d. | বাংলা ছন্দের মূলসূত্র | iv. | তারাপদ ভট্টাচার্য |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iii | i | ii | iv |
| (2) | i | ii | iv | iii |
| (3) | iii | ii | iv | i |
| (4) | iv | i | iii | ii |

**33.** মধুসূদনের 'অমিত্রাক্ষর' ছন্দকে অমূল্যধন মুখোপাধ্যায় যে-পরিভাষায় চিহ্নিত করতে চেয়েছিলেন, সেটি হল :

(1) পঙ্‌ক্তিলঙ্ঘক ছন্দ (2) অমিল প্রবহমান পয়ার

(3) অমিতাক্ষর (4) বেড়াভাঙা পয়ার

**34.** নীচে প্রথম তালিকা ও দ্বিতীয় তালিকায় যথাক্রমে উল্লিখিত বৈষ্ণব পদাবলির চরণের সঙ্গে পদকর্তার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| a. | আত্রল ঋতুপতি রাজ বসন্ত । | i. | জ্ঞানদাস |
| b. | নিতি নিতি যায় রাই যমুনা সিনানে । | ii. | চণ্ডীদাস |
| c. | ভাদরে দেখিনু নট চাঁদে । | iii. | বিদ্যাপতি |
| d. | আদরে আগুসরি / রাই হৃদয়ে ধরি / জানু উপরে পুন রাখি । | iv. | গোবিন্দদাস |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | ii | iv | i |
| (2) | iii | iv | ii | i |
| (3) | iv | iii | i | ii |
| (4) | iii | ii | i | iv |

**35.** চৈতন্যচরিতামৃতে রূপগোস্বামীর প্রতি চৈতন্যের উক্তি অবলম্বনে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ ছত্র দেওয়া হল । সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

a. রতি বৃদ্ধিপ্রাপ্ত হলে ক্রমে স্নেহ মান প্রণয় হয় ।

b. সাধনভক্তি থেকে রতির উদয় হয় ।

c. সাধনভক্তি গাঢ় হলে প্রেম জন্মে ।

d. রতি গাঢ় হলে প্রেম জন্মে ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

36. নীচে কয়েকটি শুদ্ধ ও অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. সকল আলংকারিকই স্বীকার করেছেন কাব্যের স্থায়ী ও সঞ্চারী এই ভেদ আপেক্ষিক ।

b. ভরতাচার্য বলেন, মুনির লৌকিক শোক ছন্দোবৃত্তাদিনিয়ন্ত্রিত হয়ে শ্লোকরূপ লাভ করেছে ।

c. আনন্দবর্ধন বলেন, শ্রেষ্ঠ কাব্যের ভাষা ও অলংকার বাচ্য থেকে পৃথক নয়, বাচ্যেরই অঙ্গ ।

d. কবির রসসমাহিত চিত্ত থেকে অলংকারগুলো 'আমি আগে আমি আগে' করে বেরিয়ে আসে । বলেছেন – পণ্ডিতরাজ জগন্নাথ ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

37. 'গৈরিক পতাকা' নাটকে আগ্রার 'দেওয়ান-ই-আম'-এ যে দৃশ্যটি ঘটেছে সেটি হল :

(1) প্রথম অঙ্ক, প্রথম দৃশ্য
(2) দ্বিতীয় অঙ্ক, দ্বিতীয় দৃশ্য
(3) তৃতীয় অঙ্ক, দ্বিতীয় দৃশ্য
(4) চতুর্থ অঙ্ক, চতুর্থ দৃশ্য

38. দুটি তালিকায় 'বলাকা' কাব্যের কবিতার সংখ্যা ও প্রথম প্রকাশকালে মুদ্রিত শিরোনাম দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. 6 সংখ্যক কবিতা | i. বলাকা |
| b. 11 সংখ্যক কবিতা | ii. ছবি |
| c. 36 সংখ্যক কবিতা | iii. শেক্‌সপিয়র |
| d. 39 সংখ্যক কবিতা | iv. বিচার |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | i | iii | ii | iv |
| (2) | iii | i | iv | ii |
| (3) | iv | i | iii | ii |
| (4) | ii | iv | i | iii |

39. 'রাজা ও রানী' নাটকের যে দৃশ্যে সুমিত্রা পুরুষ বেশ ধারণ করেছেন সেটি হল :

(1) প্রথম অঙ্ক, দ্বিতীয় দৃশ্য
(2) প্রথম অঙ্ক, পঞ্চম দৃশ্য
(3) দ্বিতীয় অঙ্ক, তৃতীয় দৃশ্য
(4) দ্বিতীয় অঙ্ক, চতুর্থ দৃশ্য

**40.** পুথির লিপিকরণ শুরু হয় :

(1) ‘শ্রী’ লিখে　　(2) ‘৭’ লিখে

(3) ‘গণেশায় নমঃ’ লিখে　　(4) ‘হরি সহায়’ লিখে

**41.** রবীন্দ্রনাথের ‘সন্ধ্যা’ কবিতার দ্বিতীয় স্তবকের ‘দূর হতে কার পায় সাড়া’ ছত্রটির পূর্বপাঠ ছিল :

(1) অতি দূর-দূর-দূরান্তরে

(2) অমনি সে খুলে দেয় প্রাণ

(3) সহসা সুদূর হতে অমনি সে দেয় সাড়া

(4) চারিদিকে চেয়ে দেখ আকুল ব্যাকুল হয়ে

**42.** মুখ আছে তার মাথা নাই,

পেট আছে তার পা নাই ।

- ধাঁধাটির অর্থ হল :

(1) বালতি　　(2) গ্লাস

(3) বোতল　　(4) বাটি

**43.** নীচে কিছু লোকসংগীত সংগ্রহ বিষয়ক কিছু রচনা এবং লেখকের নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. সারিগান | i. সুরেশচন্দ্র রায় |
| b. অমিয় ভাদুসঙ্গীত | ii. সুরেন্দ্রনাথ বীট |
| c. যাদুভুলাভাদুসঙ্গীত | iii. রাজেন্দ্রনাথ কর |
| d. পাবনা জেলার পৌষপার্বণ উৎসবে গ্রাম্যসঙ্গীত | iv. শ্যামচাঁদ গুপ্ত |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | iii | ii | i |
| (2) | i | ii | iv | iii |
| (3) | ii | iii | i | iv |
| (4) | iv | ii | iii | i |

**44.** অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘ছেলে ভোলানো ছড়া’ প্রবন্ধটি প্রথম প্রকাশিত হয় :

(1) ভারতী পত্রিকায় (2) সাধনা পত্রিকায়

(3) বালক পত্রিকায় (4) নবপর্যায় বঙ্গদর্শন পত্রিকায়

**45.** দেবেন্দ্রনাথ সেন-এর যে কাব্যটিতে Keats-এর ‘Ode to Faney’র অনুসরণ আছে সেটি হল :

(1) অশোকগুচ্ছ (2) গোলাপগুচ্ছ

(3) নির্ঝরিণী (4) অপূর্ব নৈবেদ্য

**46.** দীনবন্ধু মিত্রের ‘কমলে কামিনী’ নাটকে শেক্সপীয়রের যে নাটক থেকে উদ্ধৃতি আছে, সেটি হল :

(1) ম্যাক বেথ (2) হ্যামলেট

(3) ওথেলো (4) কিং লিয়র

**47.** ভারতচন্দ্রের অন্নদামঙ্গলের ব্যাসদেবের শিবনিন্দার কাহিনিটি রচিত হয়েছে ‘কাশীখণ্ড’ – এর অনুসরণে । কাশীখণ্ড :

(1) কালিকা পুরাণের অন্তর্গত (2) স্কন্দ পুরাণের অন্তর্গত

(3) বিষ্ণু পুরাণের অন্তর্গত (4) শিব পুরাণের অন্তর্গত

**48.** নীচে একটি মন্তব্য এবং তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য** : ধীরোদাত্ত ধীরললিত ইত্যাদি চতুর্বিধ নায়কের সর্ববিধ গুণে শ্রীকৃষ্ণ মণ্ডিত ।

**যুক্তি** : কেননা রাধিকাতেও তিনশত ষাট প্রকার নায়িকার সর্ববিধ গুণ বর্তমান ।

**সংকেত** :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

**49.** ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গলের স্থাপনা পালার সৃষ্টিপত্তন কাহিনি রচিত হয়েছে :

(1) বিষ্ণু পুরাণের অনুসরণে

(2) ব্রহ্মবৈবর্ত পুরাণের অনুসরণে

(3) শ্রীমদ্ভাগবতের অনুসরণে

(4) শিবপুরাণের অনুসরণে

**50.** মহাভারতের কথা অমৃতসমান ।
কাশীরাম দাস ভণে শুনে পুণ্যবান্ ।।
পয়ারে রচিত এই দুটি ছত্রকে চোদ্দমাত্রার পরিবর্তে আঠারো মাত্রাতেও পড়া যেতে পারে বলে যিনি মনে করতেন, তিনি হলেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর
(2) অমূল্যধন মুখোপাধ্যায়
(3) মোহিতলাল মজুমদার
(4) সত্যেন্দ্রনাথ দত্ত

**51.** নীচে দুটি তালিকায় রবীন্দ্রনাথের ‘ছন্দ’গ্রন্থে সংকলিত পত্রধৃত কিছু উক্তি এবং যাঁদের উদ্দেশে লিখেছেন তাঁদের নাম দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. গদ্যের চালটা পথের চলার চাল, পদ্যের চাল নাচের । | i. শৈলেন্দ্রনাথ ঘোষ |
| b. গদ্যকাব্যেও এই দশা । সে নাচে না, সে চলে । | ii. ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় |
| c. বাংলায় প্রাক্ হসন্ত স্বর দীর্ঘায়িত হয় একথা বলেছি । | iii. প্যারীমোহন সেনগুপ্ত |
| d. বাঙালির কান আছে বলে কোনো বিশেষ পদার্থ আছে বলে আমি মানিনে । | iv. দিলীপকুমার রায় |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iii | iv | i |
| (2) | iii | ii | i | iv |
| (3) | i | ii | iv | iii |
| (4) | iv | i | ii | iii |

**52.** 'তোহ্মাত লাগিআঁ হয়িব আহ্মার মরণ' – 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে যমুনান্তর্গত হার খণ্ডে যার এই উক্তি তিনি হলেন :

(1) যশোদা (2) রাধা

(3) কৃষ্ণ (4) বড়াই

**53.** দেশী ভাষে কহ তাকে পাঞ্চালীর ছন্দে ।

সকলে শুনিয়া যেন বুঝায় সানন্দে ।।

এই অঙ্গীকার করেছেন :

(1) আলাওল (2) কৃত্তিবাস

(3) দৌলত কাজী (4) কাশীরাম

**54.** 'বাংলার ব্রত' গ্রন্থ অনুসারে প্রদত্ত তথ্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. হিন্দুধর্মের প্রাদুর্ভাবের সঙ্গে সঙ্গে লৌকিক ব্রতের চেহারার অদল-বদল ঘটেছে ।

b. ব্রত ধর্মাবিশেষের সম্পত্তি ।

c. খাঁটি অবস্থায় বহুব্রতই এখনও পাওয়া যায় ।

d. খাঁটি ব্রতের অনুষ্ঠানের প্রক্রিয়াই হল শাস্ত্রীয় ব্রত অনুষ্ঠানের প্রক্রিয়া ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**55.** শুরু হবে আর-এক _______ খেলা

প্রেমেন্দ্র মিত্রের 'সাগর থেকে ফেরা' কাব্যগ্রন্থ থেকে নেওয়া এই কবিতার শূন্যস্থানে যে শব্দটি বসবে, সেটি হল :

(1) রিক্তপণ (2) বিলুপ্তিপণ

(3) লুপ্তিপণ (4) মৌনপণ

**56.** বঙ্কিমচন্দ্রের 'উত্তরচরিত' প্রবন্ধের অনুসরণে প্রদত্ত তথ্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. উত্তরচরিতের চিত্রদর্শন নামে দ্বিতীয়াঙ্কের কাহিনি নিয়েই বিদ্যাসাগর মহাশয় 'সীতার বনবাস' রচনা করেন ।

b. মধুরে কালিদাস অদ্বিতীয় উৎকটে ভবভূতি ।

c. ভবভূতির রামচন্দ্র প্রজারঞ্জন প্রবৃত্তির বশীভূত হয়ে সীতাকে বিসর্জন করেন নি ।

d. ভবভূতির রামচন্দ্র অধিকতর কোমল প্রকৃতির ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

**57.** শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধা বিরহ' অংশের 357 সংখ্যক পদের একটি চরণ - 'বাছা রাখিবারেঁ জাএ সে গোকুলে ।' পুথির তোলাপাঠ-এ এই চরণের 'রাখিবারেঁ'র পর যে শব্দটি বসানো হয়েছে তা হল :

(1) আহ্মার (2) তোহ্মার

(3) মুই (4) কাহ্ন

**58.** শ্রীকৃষ্ণকীর্তনের পুথিতে দান খণ্ডের 60 সংখ্যক পদের একটি চরণ হল : 'পাঁজী পুথী চিরিবোঁ বাম হাতে' । পরে 'পুথি' ও 'চিরিবোঁ'র মধ্যে যে তোলাপাঠ বসানো হয়েছে তা হল :

(1) আহ্মার (2) তোহ্মার

(3) যত (4) সব

**59.** রবীন্দ্রনাথের 'লোকসাহিত্য' গ্রন্থের 'ছেলেভুলানো ছড়া : 2' প্রবন্ধে 'আগ্‌ডুম বাগ্‌ডুম ঘোড়াডুম সাজে' ছড়াটির :

(1) দুটি স্বতন্ত্র পাঠ আছে

(2) তিনটি স্বতন্ত্র পাঠ আছে

(3) পাঁচটি স্বতন্ত্র পাঠ আছে

(4) চারটি স্বতন্ত্র পাঠ আছে

**60.** 'ধাঁধা' শব্দের আঞ্চলিক প্রতিশব্দ এবং অঞ্চলের নাম পাশাপাশি দুটি তালিকায় দেওয়া হল । দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| a. | ধন্ধহাসি বা পিলিকা | i. | জলপাইগুড়ি |
| b. | পঁই | ii. | নোয়াখালি |
| c. | ছিল্কা | iii. | শ্রীহট্ট |
| d. | ফাক্‌রি | iv. | রংপুর |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iv | i | iii |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iv | ii | iii | i |
| (4) | iii | i | iv | ii |

**61.** নীচের যে লোকসংগীতের ধারাটি উত্তর বঙ্গের রাজবংশী সম্প্রদায়ের মধ্যে প্রচলিত সেটি হল :

(1) রায়ানী গান
(2) লাহাংকারী গান
(3) হালুই গান
(4) হুলির গান

**62.** স্কটের 'Ivanhoe' উপন্যাসের প্রভাব লক্ষ করা যায় :

(1) বঙ্কিমচন্দ্রের দূর্গেশনন্দিনী উপন্যাসে
(2) গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের 'বীরবরণ' উপন্যাসে
(3) রমেশচন্দ্র দত্তের 'বঙ্গবিজেতা' উপন্যাসে
(4) প্রতাপচন্দ্র ঘোষের 'বঙ্গাধিপ পরাজয়' উপন্যাসে

**63.** চর্যাগীতির 33 সংখ্যক পদটির ('টালত মোর ঘর নাহি পড়বেশী') ভিন্ন একটি পাঠ পাওয়া যায় :

(1) সুন্দরদাসের পদে
(2) সুরদাসের কবিতায়
(3) কবীরদাসের দোঁহায়
(4) দাদূ দয়ালের পদে

**64.** ‘রাজর্ষি’ উপন্যাসের যে চরিত্রটি ‘বিসর্জন’ নাটকে নেই তা হল :

(1) ধ্রুব (2) বিল্বন

(3) নক্ষত্র রায় (4) গুণবতী

**65.** প্রথম তালিকার লোকগীতির নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত উক্ত গানগুলির প্রচলনের স্থানগুলির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| a. | সান্‌জা গান | i. | জলপাইগুড়ি জেলা |
| b. | হুলির গান | ii. | নদীয়া জেলা |
| c. | হালুই গান | iii. | উত্তর চব্বিশ পরগনা জেলা |
| d. | রয়ানী গান | iv. | মালদা জেলা |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | iv | ii | i | iii |
| (2) | ii | iii | iv | i |
| (3) | iv | i | ii | iii |
| (4) | iii | iv | i | ii |

**66.** প্রথম ও দ্বিতীয় তালিকায় ব্রেখটের ‘The Informer’ নাটকের চারখানি বাংলা অনুবাদ ও অনুবাদকের নাম দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| a. | ইনফরমার | i. | চিররঞ্জন দাস |
| b. | গোয়েন্দা | ii. | দেবব্রত মুখোপাধ্যায় |
| c. | সন্ত্রাস | iii. | সুমন্ত চক্রবর্তী |
| d. | হিটলার জার্মানি | iv. | বীরেন দাশ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iii | i | iv |
| (2) | i | ii | iii | iv |
| (3) | ii | i | iv | iii |
| (4) | iv | iii | ii | i |

**67.** 'লাফিয়ে উঠল হাওয়া' – এই শিরোনামে এলিয়টে 'The wind sprang up at four O'clock' কবিতাটির অনুবাদ করেছেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর
(2) বিষ্ণু দে
(3) শঙ্খ ঘোষ
(4) বার্ণিক রায়

**68.** "ইউরোপীয় উপাদেয় মানসিক ভোজ্য ....... কি এতদ্দেশীয় জনগণের রুচি অনুসারে এতদ্দেশীয় নিয়মে প্রস্তুত করা যাইতে পারে না ।"

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের যে কাব্যের ভূমিকায় মন্তব্যটি আছে, সেটি হল :

(1) পদ্মিনী উপাখ্যান
(2) ভেক মূষিকের যুদ্ধ
(3) শূরসুন্দরী
(4) কাঞ্চী কাবেরী

**69.** প্রদত্ত সংকেত অবলম্বনে রামমোহনের অনূদিত চারটি উপনিষদের কালানুক্রমিক বিন্যাস চিহ্নিত করুন :

(a) কঠোপনিষৎ
(b) তলবকার উপনিষৎ
(c) মাণ্ডূক্যোপনিষৎ
(d) ঈশোপনিষৎ

**সংকেত :**

| | | | | |
|---|---|---|---|---|
| (1) | (d) | (c) | (b) | (a) |
| (2) | (b) | (d) | (a) | (c) |
| (3) | (a) | (b) | (c) | (d) |
| (4) | (c) | (a) | (d) | (b) |

**70.** উজ্জ্বলনীলমণি গ্রন্থ অনুসারে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ তথ্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. শ্রবণজাত পূর্বরাগ মোট চার প্রকার ।
b. জ্যোৎস্না তামসী বর্ষা ইত্যাদি অভিসারের সংখ্যা সর্বমোট আট প্রকার ।
c. পূর্বরাগের দশটি দশার মধ্যে বৈয়গ্র্য বলতে গাত্রে কৃশতা এবং বিলাপ দুইই বোঝায় ।
d. অষ্টনায়িকাদের মধ্যে শুধু একপ্রকার নায়িকাতেই সম্ভোগ প্রাধান্য পেয়েছে ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

**71.** “লুইসিয়ানাতে দেখলুম একটি তাজা ওক গাছ বেড়ে উঠেছে” রবীন্দ্রনাথের এই অনুবাদটি যে কবির তিনি হলেন :

(1) ইয়েটস্ (2) হুইটম্যান

(3) এলিয়ট (4) এজরা পাউণ্ড

**72.** নীচের প্রথম তালিকায় ও দ্বিতীয় তালিকায় উল্লিখিত যথাক্রমে পদাবলির চরণের সঙ্গে উজ্জ্বলনীলমণির অষ্টনায়িকার বিশেষ অবস্থার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| a. নয়নে ঝমকে তোমার মলিন অধর । | i. বিপ্রলব্ধা |
| b. রজনী চলিয়া যায় বুকে শেল বাজে । | ii. কলহান্তরিতা |
| c. ব্রজফুল নন্দন / চান্দ উপেখলুঁ / দারুণ মানকি লাগি । | iii. খণ্ডিতা |
| d. সহচর মেলি / রাইতনু হেরই / শ্রমজল সকলি মিটাই । | iv. স্বাধীনভর্তৃকা |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | iv | iii | i |
| (2) | iii | i | ii | iv |
| (3) | i | iii | iv | i |
| (4) | i | iii | ii | iv |

**73.** বুদ্ধদেব বসুর ‘সংস্কৃত কবিতা ও আধুনিক যুগ’ প্রবন্ধ অবলম্বনে নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্ত দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধাশুদ্ধ বিচার করে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য** : সংস্কৃত ভাষার চরিত্র সর্বতোভাবে কৃত্রিমতার পরিপোষণ করে ।

**যুক্তি** : কারণ, সংস্কৃত কবিতাগুলি আদর্শতত্ত্বের ভিত্তিতে কৃত্রিম একেবারেই নয় ।

**সংকেত :**

(1) মন্তব্য শুদ্ধ যুক্তি ও শুদ্ধ

(2) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

**74.** প্রথম ও দ্বিতীয় তালিকায় রবীন্দ্রনাথ ও বলেন্দ্র নাথের সংস্কৃত সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধ থেকে কয়েকটি মন্তব্য ও প্রবন্ধের নাম দেওয়া হয়েছে । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| a. | প্রেমের মন্ত্রবলে মন যে সৌন্দর্য সৃষ্টি করে তাহাকে বাহ্য সৌন্দর্যের নিয়মে বিচার করাই চলে না । | i. | জয়দেব |
| b. | যে কবি শরীরের উপরে প্রেমের প্রতিষ্ঠা না করিয়া তাহাকে অন্তরে প্রতিষ্ঠিত করেন, তাঁহারই কাব্যে সম্ভোগের প্রসর অনন্ত বিস্তৃত । | ii. | কুমারসম্ভব ও শকুন্তলা |
| c. | নারী এবং প্রকৃতি সৌন্দর্যের প্রতি এমন নিবিড় প্রেম অন্য কোনও কবিতে দেখা যায় না । | iii. | শকুন্তলা |
| d. | এই কাব্যে স্বভাব ও ধর্মনিয়মের যেমন মিলন মানুষ ও প্রকৃতির তেমনি মিলন । | iv. | কালিদাসের চিত্রাঙ্কনী প্রতিভা |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | ii | i | iv | iii |
| (2) | i | ii | iv | iii |
| (3) | iii | i | ii | iv |
| (4) | iv | iii | ii | i |

**75.** নীচে প্রাচীন ও মধ্যভারতীয় আর্য থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ তথ্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

a. সপ্তমী ‘স্মিন্’ বিভক্তির ‘স্পি’ রূপান্তর প্রাচীন ভারতীয় আর্যে বর্তমান ছিল ।

b. স্বরাগম (স্বর্গ > সুবর্গ) বেদেও বর্তমান ।

c. ক্ষতিপূর্ণ-দীর্ঘীভবন (দুর্ণাশ > দূর্ণাশ) প্রাচীন ভারতীয় আর্যেও বর্তমান ।

d. পরস্মৈপদের ব্যবহার মধ্য ভারতীয় আর্যে নেই ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**Space For Rough Work**